# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**03 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) নতুন দিল্লীতে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার দ্রুত বিকাশশীল রাজ্য হিসেবে আসামের সাফল্য তথা ভবিষ্যত পরিকল্পনা নিয়ে আলোচনা ।

২) রাজ্য সরকার এবং কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রনালয় আসামের মুগা শিল্পের উত্তরণের জন্য প্রণালীবদ্ধভাবে কাজ অব্যাহত রেখেছে বলে কেন্দ্রীয় বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটার প্রকাশ ।

৩) অভিন্ন দেওয়ানী বিধি সম্পর্কে জনসাধারণকে অবগত করার লক্ষ্যে শিলচর ও হাইলাকান্দি সহ রাজ্যের বিভিন্ন জেলায় বি জে পির সাংবাদিক সম্মেলন ।

এবং

৪) শিলং-এ আগামীকাল উত্তর-পূর্ব পরিষদের ৭৩তম পূর্ণাঙ্গ অধিবেশন ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ নতুন দিল্লীতে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন । দ্বিতীয়বারের জন্য দায়িত্বভার গ্রহণ করার পর ড: শর্মা আসামের উন্নয়নের যাত্রা সম্পর্কে রাষ্ট্রপতিকে অবগত করেন । দেশের দ্রুততম বিকাশশীল রাজ্যসমূহের অন্যতম হিসেবে আসামের লাভ করা সাফল্য এবং আগামী দিনে এই যাত্রা অধিক শক্তিশালী করার নীতি নিয়ে তিনি রাষ্ট্রপতির সঙ্গে আলোচনা করেন ।

এর আগে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের সঙ্গে সাক্ষাৎ করে গুয়াটিতে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট ( আই আই এম ) স্থাপনের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে বলে তকে অবগত করেন । ডক্টর শর্মা কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে রাজ্যের শিক্ষার পরিকাঠামো শক্তিশালী করা এবং আসামকে উত্তর-পূর্বাঞ্চলের

প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলার প্রয়াস সম্পর্কে আলোচনা করেন । সামজিক মাধ্যমের এক্স হেন্ডালে বিষয়টি উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে আই আই এমের প্রস্তাবিত ক্যাম্পাস সম্পর্কেও কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করা হয়েছে । মুখ্যমন্ত্রী শ্রী প্রধানকে রাজ্যের শিক্ষা পরিকাঠামোর উন্নয়নের ক্ষেত্রে সহায়তা করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন । প্রস্তাবিত আই আই এম আসামকে উত্তর-পূর্ব ভারতের শিক্ষা , গবেষণা এবং বিদ্যায়তনিক কেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করবে বলেও তিনি উল্লেখ করেন । এছাড়াও এই প্রতিষ্ঠানটি স্থাপনের ফলে ব্যবস্থাপনা শিক্ষা , দক্ষতা বিকাশ ইত্যাদি ক্ষেত্রের উন্নতি সাধন হবে বলেও মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন । ডক্টর শর্মা কেন্দ্রীয় জাতীয় সড়ক বিভাগের মন্ত্রী নীতিন গাডকারীর সঙ্গে সাক্ষাৎ করে তার সঙ্গে সড়ক পরিবহণের বিভিন্ন প্রসঙ্গ নিয়ে আলোচনা করেন । তিনি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জিতেন্দ্র প্রসাদের সঙ্গেও আলোচনায় মিলিত হন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার এবং কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রনালয় আসামের মুগা শিল্পের উত্তরণের জন্য প্রণালীবদ্ধভাবে কাজ অব্যাহত রেখেছে বলে কেন্দ্রীয় বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা প্রকাশ করেছেন । আসামের বাচকবনীয়া মুগা শিল্পের প্রসার এবং বিকাশের জন্য ৪শো কোটির অধিক টাকা ব্যায়সাপেক্ষে গতকাল সূচনা করা অভিযান সম্পর্কে নতুন দিল্লীতে আজ একটি সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী এ কথা জানান । তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কার্যভার গ্রহণ করার পর গত ১২ বছরে মুগার উৎপাদন ১০ হাজার মেট্রিকটন বৃদ্ধি পেয়েছে । তিনি বলেন যে মুগার সঙ্গে যুক্ত কৃষকদের একত্রিত করে এই ক্ষেত্রটির উত্তরণের জন্য উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রনালয় এবং আসাম সরকারের যৌথ প্রচেষ্টায় আরম্ভ করা এই প্রকল্পে রাজ্য সরকার ৪৬ কোটি টাকা বিনিয়োগ করবে এবং কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রনালয় তথা কেন্দ্রীয় রেশম পর্ষদ ৫৫ কোটি টাকার আর্থিক সহায়তা প্রদান করবে । আগামী ৩৩ মাসের মধ্যে এই প্রকল্পের কাজ সম্পূর্ণ হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী সাংবাদিকদের জানান । তিনি বলেন যে আসামে বার্ষিক মুগা উৎসবের আয়োজন করা হবে এবং ঢকুয়াখানা ও লক্ষিমপুরে রেশম পর্যটন উদ্যান স্থাপন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ- সি বি এস ই'র প্রকাশ করা তথ্য অনুযায়ী দেশের প্রায় ৪০ হাজার শিক্ষার্থী তাদের উত্তর পত্র পুর্নমূল্যায়নের জন্য আবেদন করেছে এবং কোনোধরণের অসুবিধা ছাড়াই আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ করেছে । সি বি এস ই গতকাল এর আওতাধীন দশম ও দ্বাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের উত্তর পত্রের স্ক্যান্ড কপি

পুর্নমূল্যায়ন করার জন্য লাইভ পোর্টাল চালু করে । আগামী ছয় জুন পর্যন্ত এই পোর্টাল খোলা থাকবে বলে সি বি এস ই'র পক্ষ থেকে জানানো হয়েছে । পর্ষদ এক বিবৃতিতে বলেছে যে- উত্তর পত্রের স্ক্যান্ড কপি লাভ করা শিক্ষার্থীরা এই সুবিধা লাভ করবে । নিরাপত্তাজনিত কারণে আধার প্রত্যয়িতকরণের ব্যবস্থাও এই সুবিধায় সংযুক্ত করা হয়েছে । আধার নম্বর না থাকা শিক্ষার্থীরা বাবা-মা, অভিভাবক অথবা নিকটাত্মীয়ের আধার নম্বর ব্যবহার করতে পারবে । সি বি এস ই সূত্রে জানানো হয়েছে যে- প্রতিটি উত্তর পত্রের মূল্যায়ন বাবদ ছাত্রছাত্রীদের একশো টাকা করে এবং প্রতিটি প্রশ্নের মূল্যায়নের জন্য ২৫ টাকা করে দিতে হবে । এই মাশুল অনলাইনে ইউ পি আই, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড অথবা নেট ব্যাংকিংয়ের মাধ্যমে দেওয়া যাবে । এরজন্যে সি বি এস ই'র প্রকাশ করা ভিডিও দেখে এই ব্যবস্থা সম্পর্কে সবিশেষ জানার আহ্বান জানানো হয়েছে। উল্লেখ্য- পর্ষদের পরীক্ষায় প্রাপ্ত নম্বরে অসন্তুষ্ট ছাত্রছাত্রীদেরকে তাদের উত্তর পত্র পুনরায় পরীক্ষা করার সুযোগ প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গত ২৬ শে মে অনলাইন পোর্টাল লাইভ হবে বলে ঘোষণা করেছিল । তবে কিছু প্রযুক্তিগত সমস্যার জন্য এই সময়সীমা পয়লা জুন পর্যন্ত বাড়ানো হয়েছিল । তবে গতকাল পোর্টালটি চালু করা সম্ভব হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

অভিন্ন দেওয়ানী বিধি নিয়ে জনমনে সৃষ্টি হওয়া বিভ্রান্তি দূর করতে এবং আইনের প্রকৃত উদ্দেশ্য সাধারণ মানুষের কাছে তুলে ধরতে আজ রাজ্যের বিভিন্ন জেলার বিজেপি কার্যালয়ে সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে ।

আজ শিলচরে দলীয় কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দলের হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস , কাছাড় জেলা সভাপতি রূপম সাহা , সাধারণ সম্পাদক অমিতাভ রাই , গোপাল রায় প্রমুখ উপস্থিত ছিলেন । সাংবাদিক সম্মেলনে বিধায়ক ডক্টর দাস জানান যে- নবগঠিত আসাম বিধানসভার শপথ গ্রহণের পর সরকারের প্রথম অধিবেশনে অভিন্ন দেওয়ানী বিধি বিল পাশ করা হয়েছে । ডক্টর দাস আরো জানান যে অভিন্ন দেওয়ানী বিধি বিলের প্রথম খন্ডে বহু বিবাহ , তালাক প্রথা এবং লাভ জিহাদ সংক্রান্ত বিধান ও শাস্তির বিষয় অর্ন্তভুক্ত রয়েছে এবং দ্বিতীয় খন্ডে সম্পত্তির অধিকার , তৃতীয় খন্ডে লিভ ইন সর্ম্পকের আইনী স্বীকৃতির ঔচিত্য এবং চর্তুথ খন্ডে ভবিষ্যতে আইনের ত্রুটি বিচ্যুতি সংশোধনের বিধান রাখা হয়েছে ।

সাংবাদিক সম্মেলনে জেলা বিজেপি সভাপতি রূপম সাহা জানান যে মহিলাদের কল্যাণ , সম্পত্তির অধিকার এবং মহিলাদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে এই আইন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে ।

এদিকে ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা শাখার উদ্যোগে আজ অভিন্ন দেওয়ানী বিধির বিভিন্ন দিক নিয়ে অবগত করানোর উদ্দেশ্যে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে । এতে বক্তব্য রাখতে গিয়ে শিলচরের বিধায়ক ডাঃ রাজদীপ রায় জানান যে- এই আইন আসামের সব নাগরিকের জন্য সমান দেওয়ানি বিধি নিশ্চিত করার লক্ষ্যে প্রদান করা হয়েছে । ডাঃ রায় বিশেষভাবে বহু বিবাহ, লিভ ইন রিলেশনশিপ, উত্তরাধিকার এবং পারিবারিক আইনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন । সাংবাদিক সম্মেলনে বিজেপির জেলা সভাপতি কল্যাণ গোস্বামী , হাইলাকান্দি পৌরসভার সভাপতি মানব চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব পরিষদের ৭৩ তম পূর্ণাঙ্গ অধিবেশন আগামীকাল মেঘালয়ের রাজধানী শিলঙে অনুষ্ঠিত হবে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী ও উত্তর-পূর্ব পরিষদের অধ্যক্ষ অমিত শাহ'এর পৌরহিত্যে অনুষ্ঠেয় এই বৈঠকে এই অঞ্চলের গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহের উন্নয়নের জন্যে গঠন করা মুখ্যমন্ত্রী উচ্চ পর্যায়ের কর্মবাহিনীর লাভ করা অগ্রগতির বিষয়ে আলোচনা করা হবে । অধিবেশনে পর্যটন, কৃষি এবং উদ্যানশস্য, বিনিয়োগের প্রসার, অর্থনৈতিক করিডোরের উন্নয়ন, পরিকাঠামো এবং যোগাযোগ ও হস্ততাঁত ও হস্তশিল্প সম্পর্কে পেপার প্রেজেন্ট করা হবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার দপ্তরের প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান মিজোরামের জনসাধারণকে রাষ্ট্র গঠনের প্রক্রিয়ায় অবদান জুগিয়ে ২০৪৭ সালের বিকশিত ভারতের সক্রিয় অংশীদার হবার আহ্বাক্ষন জানিয়েছেন । গতকাল মিজোরামে আসা মন্ত্রী ডঃ মুরুগান রাজ্যের লেংপুই বিমান বন্দরে অবতরণ করার পর কলাশিব জেলার সরকারি আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হন । তিনি আধিকারিকদের কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্পগুলি সঠিকভাবে রূপায়ণ করে দেশকে বিকশিত রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণের আহ্বান জানান । ডঃ মুরুগান মিজোরামের মহিলা সবলীকরণ এবং ক্রীড়াক্ষেত্রের উন্নয়নের প্রশংসা করেন । তিনি একইসঙ্গে বৈরবী ও সাইরাং সংযোগী নতুন রেলপথ রাজ্যের উন্নয়নকে অন্য মাত্রা প্রদান করবে বলে আশা প্রকাশ করেছেন । মিজোরামের প্রাকৃতিক সৌন্দর্যের প্রশংসা করে ডঃ মুরুগান বলেন যে- দেশের বিভিন্ন প্রান্তের চলচ্চিত্র নির্মাতারা মিজোরামকে তাদের চলচ্চিত্রের দৃশ্যায়নের

উত্তম স্থান হিসেবে বাছাই করতে পারেন । তার এই সফরকালে মন্ত্রী রাজ্যের একটি পি এম শ্রী বিদ্যালয় এবং আঞ্চলিক ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেছেন ।

---------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব বাইসাইকেল দিবস । পরিবেশ সুরক্ষা এবং স্বাস্থ্য রক্ষার অন্যতম মাধ্যম হিসেবে সাইকেলার ব্যবহার তথা ব্যায়সাধ্য সহজ নির্ভরযোগ্য এবং পরিবেশ অনুকূল পরিবেশের মাধ্যম হিসেবে সাইকেল চালানোর প্রতি সচেতনতা সৃষ্টি করতে প্রতি বছর তেসরা জুন এই দিবস পালন করা হয় । এবারের এই দিবসের মূল বিষয় হচ্ছে **সবুজ ভবিষ্যতের জন্য সাইকেল চালান** । কার্বন নির্গমন রোধ করা , যান-জট দূর করা এবং সুস্থ তথা বহণযোগ্য নগর জীবন সৃষ্টির ক্ষেত্রে সাইকেলার বিশেষ গুরুত্ব রয়েছে ।

কেন্দ্রীয় যুব পরিক্রমা এবং ক্রীড়া মন্ত্রী মানসুখ মান্ডাভিয়া দেশের যুব প্রজন্মকে সাইকেল চালাতে এবং সুস্থ-সবল তথা সবুজ রাষ্ট্র গড়ে তুলতে অগ্রণী ভূমিকা পালন করার আহ্বান জানান । বিশ্ব বাইসাইকেল দিবস উপলক্ষ্যে এক বার্তায় কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে সাইকেল চালানোর নিয়মিত অভ্যাস সুষম এবং শৃঙ্খলাবদ্ধ জীবনশৈলীকে এগিয়ে নিয়ে যাওয়া সহ সুস্থির পরিবেশ এবং স্বচ্ছ পরিবহণ ব্যবস্থা প্রসারে সহায়তা করে । তিনি বলেন যে সাইকেল চালানোর অভ্যাস একজন ব্যাক্তিকে শুধুমাত্র মানসিক এবং শারীরিক দিক থেকেই নয় একটি সুস্থ এবং সবুজ রাষ্ট্র গড়ে তোলার ক্ষেত্রেও সহায়তা করে ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বাইসাইকেল দিবস উপলক্ষে এক বার্তায় শারীরিক সক্রিয়তা এবং সুস্বাস্থ্যে জন্য সাইকেল মাহাঔষধ বলে উল্লেখ করেছেন । তিনি প্রকৃতির সঙ্গে সহাবস্থান এবং নিজেকে সুস্থ রাখার স্বার্থে সবাইকে সাইকেল চালানোর অভ্যাস গড়ে তোলার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমির মাই ভারত শাখার উদ্যোগে এবং নেতাজী স্পোর্টিং ক্লাবের সহযোগিতায় শ্রীভূমির সেটেলমেন্ট রোডের শ্যামসুন্দর বিদ্যা মন্দির হাইস্কুলে আজ বিশ্ব সাইকেল দিবস উপলক্ষে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । বিদ্যালয়ের প্রধান শিক্ষক অরজেন্দু রায়ের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলা যুব কল্যাণ আধিকারিক গৌরব পান্থী বিশ্ব সাইকেল দিবস পালনের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন এবং যুব সমাজকে মাই ভারত পোর্টালে নিজেদের নাম পঞ্জীয়নের আহ্বান জানিয়েছেন। সভায় বক্তব্য রাখতে গিয়ে বিভাগীয় আধিকারিক দেবাশিষ চন্দ্র দেব জানান যে- সাইকেল চালানোর অভ্যাস নিজেদের স্বাস্থ্য সুরক্ষার পাশাপাশি পরিবেশ দূষণ হ্রাস এবং জ্বালানি

তেলের ব্যবহার কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে । পরে একটি সাইকেল র‍্যালী শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে ।

-----------------------------------------------------------------------------------